



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

6 JUNE 2024

7:35—7:40 AM IST

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল রাষ্ট্রপতি ভবনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে সাক্ষাৎ করে নিজের পদত্যাগ পত্র দাখিল করেন। সেই অনুসারে সপ্তদশ লোকসভার মন্ত্রীসভা গতকাল ভঙ্গ হয়ে যায়। শ্রীমতি মুর্মু কেন্দ্রীয় মন্ত্রী পরিষদের সকল সদস্যকে নতুন সরকার গঠন না হওয়া পর্যন্ত কার্যভার চালিয়ে যাবার আহ্বান জানান। আগামী আটই জুন প্রধানমন্ত্রী শ্রী মোদী সাংসদদের সঙ্গে বৈঠকে মিলিত হবেন।

উল্লেখ্য- ২০২৪ সালের লোকসভা নির্বাচনে বিজেপি নেতৃত্বাধীন এন ডি এ সরকার ২৯২ টি আসনে জয়লাভ করেছে। বিজেপি একাই ২৪০টি আসন পেয়ে সংখ্যাগরিষ্ঠ দল হিসেবে পরিগণিত হয়েছে।

লোকসভা নির্বাচনের ফলাফলের পর শাসক এন ডি এ এবং বিরোধী আই এন ডি আই মিত্রজোটের পক্ষ থেকে পরবর্তী রণকৌশল নিয়ে গতকাল নতুন দিল্লীতে বৈঠক অনুষ্ঠিত হয়।

প্রধানমন্ত্রীর বাসভবনে আয়োজিত এন ডি এ' মিত্র জোটের বৈঠকে নরেন্দ্র মোদীকে এন ডি এ মিত্র জোটের নেতা নির্বাচিত করা হয়েছে। এই বৈঠকে বিজেপি সহ মিত্রজোটের দলগুলির শীর্ষনেতারা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে তৃতীয়বারের জন্য সরকার গঠনের সিদ্ধান্ত নিয়েছেন। বৈঠকে দুঃস্থ, মহিলা, যুব সম্প্রদায়, কৃষক ও অবহেলিত শ্রেণীর জন্যে কাজ করে যাবার বিষয়ে এন ডি এ নেতারা সঙ্কল্প গ্রহণ করেন।

বৈঠকে আসাম থেকে মন্ত্রী অতুল বরা এবং বি টি আর প্রধান প্রমোদ বড়া অংশ নেন। বৈঠকে অংশগ্রহণ করার পর মন্ত্রী শ্রী বরা এবং শ্রী বড়া বলেন যে- প্রধানমন্ত্রী শ্রী মোদীর নেতৃত্বে দল এই ফলাফলে উপনীত হয়েছে। শ্রী বড়া বলেন যে- ইউ পি পি এল'এর প্রথম সাংসদ এইবার নির্বাচিত হয়েছেন। আগামীদিনে জনসাধারণের সমস্যা সমাধানের জন্য তারা কাজ করে যাবেন।

এদিকে গতকাল সন্ধ্যায় আই এন ডি এ মিত্রজোটের নেতারাও নতুনদিল্লীতে কংগ্রেসের সভাপতি মল্লিকার্জুন খার্গের বাসভবনে মিলিত হয়েছেন। তারাও নতুন সরকার গঠনের কৌশল সম্পর্কে আলোচনা করেন।

ভারতীয় জনতা পাৰ্টী লোকসভা নিৰ্বাচনে আসামে ৯ টি আসন দখল কৰায় বিজেপিৰ ৰাজ্য সভাপতি ভবেশ কলিতা ৰাজ্যবাসীকে ধন্যবাদ জানিয়েছেন । গতকাল গুয়াহাটীৰ বাজপেয়ী ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে শ্ৰী কলিতা বিজেপি মিত্ৰজোঁটৰ অন্যান্য ৰাজনৈতিক দলগুলোর প্ৰতিও ধন্যবাদ জ্ঞাপন কৰেন । তিনি বলেন যে ২০২৬ সালৰ বিধানসভা নিৰ্বাচনে বিজেপি ১০০ 'ৰ বেশী আসন লাভ কৰাৰ লক্ষ্যে অবতীৰ্ণ হ'বে । কেন্দ্ৰে সৰকাৰ গঠন হওয়াৰ পৰা ৰাজ্যৰ ৫ টি বিধানসভা আসনৰ উপনিৰ্বাচন সম্পৰ্কে আলোচনা কৰা হ'বে বুলি জানান ।

এদিকে আসাম প্ৰদেশ কংগ্ৰেছ কমিটিৰ সভাপতি ভূপেন বৰা নিৰ্বাচনৰ ফলাফল ঘোষণাৰ পৰা ৰাজ্যবাসীকে ধন্যবাদ জ্ঞাপন কৰেন । আশানুৰূপ আসন লাভ না কৰিলেও এই নিৰ্বাচনে কংগ্ৰেছৰ নৈতিক জয় হয়েছে বুলি শ্ৰী বৰা মন্তব্য কৰেন । ২০২৬ সালৰ বিধানসভা নিৰ্বাচনে বিজেপিকে প্ৰতিহত কৰাৰ জন্ম তিনি আঞ্চলিক দলসমূহকে বিৰোধি ঐক্যমঞ্চে যোগদান কৰাৰ আহ্বান জানান ।

---

আসাম বিশ্ববিদ্যালয়ৰ পৰীক্ষা নিয়ন্ত্ৰক ডক্টৰ সুপ্ৰবীৰ দত্তৰায় এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে টি ডি সি (সি বি সি এস ) ইভেন সেমিষ্টাৰেৰ গত চৌঠা জুনেৰ ইংৰেজী সহ আৰবী , অসমীয়া , বাংলা , বড়ো , হিন্দী , মণিপুৰী , পাৰ্শিয়ান , সংস্কৃত, ভূগোল , গণ জ্ঞাপন , ইতিহাস , দৰ্শন এবং ৰাষ্ট্ৰবিজ্ঞান বিষয়েৰ পৰীক্ষা আগামী ৮ই জুন অনুষ্ঠিত হ'বে । এছাড়াও বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে শিলচৰ কাছাড় কলেজে বন্যা দুৰ্গতৰা আশ্ৰয় নেওয়ায় , কাছাড় কলেজেৰ ছাত্ৰ-ছাত্ৰীদেৰ পৰীক্ষা শিলচৰ গুৰুচৰন কলেজে অনুষ্ঠিত হ'বে ।

---

কৰিমগঞ্জ জেলা প্ৰশাসন ও জেলা কৃষি বিভাগেৰ যৌথ উদ্যোগে আজ ও আগামীকাল পি এম কিষান প্ৰকল্পে অৰ্ন্তভুক্ত যোগ্য হিতাধিকাৰীদেৰ জন্ম জেলাৰ সব ৰাজস্ব চক্ৰ আধিকাৰীক কাৰ্যালয়ে বিশেষ পৰিপূৰ্ণতা শিবিৰেৰ আয়োজন কৰা হয়েছে । জেলা কৃষি আধিকাৰীক জানিয়েছেন যে এই শিবিৰে পি এম কিষান প্ৰকল্পেৰ সঙ্গে আধাৰ , জমিৰ প্ৰমাণ পত্ৰ , ই-কে ওয়াই সি , ব্যাঙ্ক বা পোষ্ট অফিসেৰ একাউন্টেৰ সংযুক্তিকৰন কৰা হ'বে । অন্যথায় ওই প্ৰকল্পে সংশ্লিষ্ট হিতাধিকাৰীকে অযোগ্য বুলি বিবেচনা কৰা হ'বে । বিশদ বিবৰনেৰ জন্ম জেলা কৃষি আধিকাৰীকেৰ কাৰ্যালয় , মহকুমা কৃষি আধিকাৰীকেৰ কাৰ্যালয় বা কৃষি চক্ৰ আধিকাৰীকেৰ কাৰ্যালয়ে যোগাযোগ কৰতে বলা হয়েছে ।

---

শিলচৰেৰ নাগৰিক স্বাৰ্থ ৰক্ষা সংগ্ৰাম পৰিষদ , মাৰ্চ ফৰ সায়েন্সেৰ শিলচৰ চ্যাপ্টাৰ এবং হাসপাতাল ৰোড মাৰ্চেণ্ট এসোসিয়েশনেৰ যৌথ উদ্যোগে শিলচৰ শহৰেৰ ভাঙ্গা সড়ক অবিলাম্বে সংস্কাৰেৰ দাবীতে গতকাল দুপুৰ

১২টায় বিক্ষোভ কার্যসূচী পালন করা হয়েছে । বিক্ষোভ কার্যসূচীতে পরিষদের সাধারণ সম্পাদক হরিদাস দত্ত ,  
অধ্যাপক অজয় রায় , সমাজ কর্মী কমল চক্রবর্তী প্রমুখ বক্তব্য রাখেন ।

---

সমাপ্ত